‘বিসমিল্লাহ’ বলে বাতায়নের বৈশিষ্ট্য, বিশেষ বিশেষ ব্যবস্থাযন্ত্রের বিষয়ে বলছি-

বাংলাদেশ বিশ্বের বৃহত্তম ব-দ্বীপ। বঙ্গভূমিপ্রেমী বাঙালিরা বিদেশি বেনিয়াদের বহু বজ্রাঘাত, বৈষম্য, বঞ্চনার বিরুদ্ধে বাংলাদেশকে বাসযোগ্য বানিয়েছে। বাতায়ন বাংলাদেশের বিদ্যাক্ষেত্রে ব্যতিক্রমী ব্যবস্থা, বিস্ময়কর ব্যবস্থাপনা। বাতায়ন বাংলাদেশ ব্যতীত বিশ্বের বিদ্যাচর্চার বৃহত্তম বেদি। বেসিক্যালি বাংলায় বাতায়ন বলতে- বাড়ির বাহিরের বাতাস, বিশুদ্ধ বায়ু বাড়িতে, বাড়ির বারান্দায়, বেডরুমে, বসারঘরে, বৈঠকঘরে, বাথরুমে বহিরাগমনের ব্যবস্থাপনাকেই বোঝায়। বাড়িতে বায়ুনিরোধক, বায়ুচাপ, বায়ুপ্রবাহে বাতায়ন ব্যবহৃত। বাতায়নবিহীন বাড়ি বেশুমার বিদঘুটে, বিরক্তিকর, বিব্রতকর। বাথরুমতো বটেই।

বাঙালিরা বরাতজোরে বাতায়নপ্রাপ্ত। বাতায়নের বর্ণনা বচনাতীত, বর্ণনাতীত। বাতায়ন বাংলাদেশের বিদ্যাদাতাদের বৃহৎ বাতিঘর। বাতায়নকে ব্যবহার করেই বাংলাদেশের বহু বিদ্যাদাতা বিখ্যাত বনেছেন, বাতায়নও বহু বিদ্যোৎসাহীকে বানিয়েছেন বরণীয়, বরেণ্য। বিধায় বিস্তর বাহবা বাতায়নের। বাংলাদেশের বেশিরভাগ বিদ্যালয়গুলোতে বইছে বাতায়নের বাতাস। বিদ্যার্জনে বাড়ছে বাচ্চাদের ব্যাকুলতা, ব্যগ্রতা। বাতায়নের বদান্যতায় বিদ্যাদাতারা বর্তমানে বিদগ্ধ। বাতায়নের বদৌলতে বিদ্যালয়, বিদ্যাদাতা, বিদ্যার্থী বিশেষভাবে বেনিফিটেড। বাতায়নের ব্যবস্থাপনায় ব্যাকবেঞ্চাররাও বিস্মিত। বলতে বাধিত-

বসন্তপুরের বিখ্যাত বিদ্যাপীঠ বালাজাননেসা বালিকা বিদ্যালয়ের বিদ্যার্থী বিজিতো বড়ুয়া। বিজিতো বলেন- ‘বাংলার বিখ্যাত বিদ্যাকর্ণ বাহাউদ্দীন বাহার বাতায়নের বদৌলতে বিদ্যালয় বিরাগ, বিদ্যালয়বিমুখ বাচ্চাদের বিদ্যালয়মুখী বানিয়েছেন। ব্যাক বেঞ্চাররাও বিদ্যালয়প্রীতিতে, বশীভূত, বাধ্য।’

বিজ্ঞানের বিদগ্ধ বিদ্যাদাতা বিধাণ বিহারী বলেন, ‘বাতায়নের বদান্যতায় ব্যক্তিগতভাবে বাচ্চাদের বিদ্যাদানে বলিষ্ঠ। বিজ্ঞান ব্যতীত বাংলা, বাংলা ব্যাকরণ, বায়োলজী, বাংলাদেশ-বিশ্বপরিচয়, বাণিজ্যের ব্যবসায়শিক্ষা, বালাগাত বিষয়ক বিষয়সমূহ বাতায়নে ব্যাপক, বহুল।’

বর্তমানে বাতায়নের ব্যবহার বহুমুখী। বাংলাদেশের বেশিরভাগ বিদ্যালয়ে বিদ্যাদাতা বাতায়নের বশে বশীভূত। বাজিকের বাতায়ন বিদ্যাদাতাদের বেশ বাগিয়েছে। বাতায়ন বিদ্যাদাতাদের ব্যক্তিগত বাহাদুরি বাড়িয়েছে, বদলিয়েছে বিদ্যাদাতাদের বেসিক বৈশিষ্ট্য, বিদ্যা-বুদ্ধির বিজ্ঞতা, বাগ্মিতা। বিজ্ঞানসম্মত বিদ্যাদান বাতায়নেরই বহিঃপ্রকাশ। বাতায়ন বাংলাদেশের বিখ্যাত বিখ্যাত বিদ্বানদের বিনিসুতোর বাঁধনে বেঁধেছে। বিদ্বানে বিদ্বানে বনেছেন বন্ধু, বানিয়েছেন বন্ধুত্ব। বয়স্ক বয়স্কারা বচনে, বাচনে, বচসায় বানিয়েছেন বিরাট বন্ধন। বহু বিদ্বান-বিদুষী বর্তমানে বাতায়নে বিভোর। ব্যক্তিমাত্রই বাতায়নে ব্যস্ত। বাড়িতে, বটতলায়, বাঁশতলায়, বাসস্ট্যান্ডে, বাজারে বরাবরই বাতায়নে বিযুক্ত। বাতায়নেই ব্যক্তির বিবর্তন, বিদগ্ধতার বিকাশ। বাতায়ন বয়োজ্যেষ্ঠ-বয়োবৃদ্ধ-বয়োকনিষ্ঠের বন্ধন। বড়রা, বুড়োরা বাতায়নে বুঁদ। বহু বিদ্যা বীরাঙ্গণা, বহু বরাঙ্গণাও বাতায়নে ব্যতিব্যস্ত।

বাংলাদেশের বিভিন্নাঞ্চলের বিদ্যাধর ব্যক্তিদের বন্ধুপ্রীতি, বন্ধুবাৎসল্য, বন্ধুবরেষু বাতায়নের বদৌলতেই বিকশিত। বাতায়নেই বহমান বিদ্যা বদলাবদলি। বশকারী বাতায়নের বশক্রিয়া বর্ণনাতীত। বলতে বাধ্য- বর্তমানে বাতায়নপ্রেম বিদ্বান বিদুষীদের বড় বাতিক। বহু বেকার ব্যক্তিও বাতায়নে বলবৎ।

‘ব্লগ’ বাতায়নের বিশেষ ব্যবস্থা। ব্লগেই বন্ধুরা বন্ধুর বিভিন্ন বিহিত বাতলায়। ব্লগেই বনিবনা, ব্লগেই বাড়ে বন্ধুত্ব। ব্লগেই বাদানুবাদ, ব্লগেই বাচালতা। বক্রদৃষ্টি, বদমেজাজী, বদরাগী ব্যক্তির বেমানান বা বেপরোয়া ব্লগে বা বক্তব্যে বাধে বাক বিতণ্ডতা, বাড়ে বন্ধুত্বের বিচ্ছেদ। বিদ্যাধররা ব্লগেই বলেন বুকের ব্যথা, বেদনা বর্ণনা। বিশেষত ব্লগে বিচার্য, বাস্তব বক্তব্য বলাই বাঞ্ছনীয়। বলাই বাহুল্য, বাক্যবাগীশ, বাক্যবিশারদ, বাকসংযমী, বিনয়ী ব্লগাররা বরণীয়। বাতায়ন ব্লগারদের বিনম্র বিনয়ী বিনতিতে বলছি-বাতায়ন বিদ্বান-বিদুষীদের বিদ্যা বাগিচা। বাতায়নে বাঁদরামি, বিতলামি, বাটপারিপনা, বিটকেলিপনা, বাহুল্যকথা, বৃথাবাক্য, বেফাস বক্তব্য, বাজেবকা, বিক্ষোভ, বিরুদ্ধাচরণ, বিতর্কিত বক্তব্য, বিদ্বেষপূর্ণ বক্তব্য, বিরূপ বিষয়, বিভেদমূলক বক্তব্য, বিভ্রান্তিমূলক বক্তব্য, বৈষম্যমূলক বক্তব্য, বিরোধমূলক বক্তব্য, বিশৃঙ্খলা বিশদভাবে বর্জনীয়।

বাতায়ন বিশেষ বিশেষ বিষয়ে বিশেষ বিশেষ বোদ্ধা বুজুর্গ ব্যক্তিদের বেষ্ট বানায়। বাংলাদেশের বিদ্যাব্যবস্থাকে বেগবানেই বাতায়নদূতের (এ্যাম্বাসেডর) ব্যবস্থাকরণ। বাতায়নদূতরা বিশেষ বিশেষ বিষয়ে বিশেষজ্ঞ, বিশেষত্বধারী বিভিন্ন বিদ্যালয়ের বহুবিধ বাধার বিহিত বাতলায়। বিশেষভাবে বিযুক্ত বগুড়ার

বাপ্তেন, বিউটি বেগম, বারী, বসাক, বুলবুল। বাগেরহাটের বিল্লাহ, বুরহান। ব্রাহ্মণবাড়িয়ার বিষ্ণুচন্দ্র, বেগ, বাবুল, বিপুল। বৃহত্তর বরিশালের বীণা, বশির, বিলকিস, বিজন বেপারী, বিজয়, বিপ্লব, বিধান, বেলায়েত, বাইদা, বাপ্পাদিত্য বাপ্পা। বান্দরবানের বিশ্বজিৎ, বোরহান, বারিরা, বুরাইদা বিশেষভাবে বিধৃত। বিধৃত ব্যক্তিরা ব্যতীতও বহু বিদ্যানুরাগী বাতায়নদূত বাতায়নে বিযুক্ত। বিদ্যাদূতরা বিনামূল্যে বিনিয়োগকৃত। বিমল বিদ্যাপীঠ বিনির্মাণে (Clean School), বাগান বানাতে (Green School) বিদ্যাদূতরা বিশেষভাবে বাংলাদেশব্যাপি বিস্তৃত। বাংলাদেশের বহু বিদগ্ধ বিদ্বান বিদ্যাদাতা বাতায়নে বিযুক্ত। বিশেষভাবে বলছি-বাসন্তী, বিথী, বিলকিস, বিহঙ্গ, বিকাশ, বিজন, বিদ্যুৎ, বেনজির, বিশ্বনাথসহ বহু বিদগ্ধ ব্যক্তি।

বছরকয়েক বাতায়নের বিঘ্নিত ব্যবস্থাপনায় ব্যবস্থাপক বিশেষজ্ঞরা বেশ বিব্রত। বাতায়ন বিচ্ছেদ ব্যবহারকারীদের বিরহ বাড়ায়, বিরহী বানায়। বাতায়ন ব্যবহারে বাধাপ্রাপ্তিতে ব্যবহারকারীরা ব্লগে ব্লগে ব্যবস্থাপকদের বারোটা বাজিয়েছে। বিরূপ বক্তব্যে বিস্ফোরিত বাতায়ন বারান্দা।

বর্তমানে বাতায়নের বস্তুনিষ্ঠ বাহারী বিন্যাস বেশ বর্ণিল, বলিহারি, বিমুগ্ধকর। বিচিত্র বাহারী বিন্যাসে বিন্যস্ত। বিনা বাধায় বাতায়নপ্রেমীরা বাতায়নে বিযুক্ত। বাতায়নের ব্যাকগ্রাউন্ডে বিখ্যাত বিদ্যানুরাগী, বিদ্যোৎসাহী, বিশেষজ্ঞ ব্যক্তিদের ব্যাকিং। বর্তমানে বাতায়নের বেটাভার্সন বেশুমার বেগবান। ব্যাপ্তিও (Space) বিস্তর, ব্যাপক। বাতায়ন বিচ্ছিন্ন ব্যক্তি ব্যক্তিগতভাবে বিচক্ষণ বিঘ্ন। বছর বছর বাতায়নের ব্যবহার ব্যাপকভাবে বাড়ছে বিধায় বিদ্যাধরদেরতো বটেই, বিদ্যাহীনদেরও বেশি বেশি বাতায়ন ব্যবহারের বিষয়ে বিনয়সহকারে বলছি। বাতায়নের বিশদ বিবরণ বেসম্ভব। বহুমুখী ব্যবস্থাযজ্ঞের বিশেষদিক বর্ণিত। বাতায়নপ্রেমীদের-বাতায়ন ব্যবস্থাপকদের বিশ্বাস বাতায়নই বদলাবে বাংলাদেশের বিদ্যাব্যবস্থাকে। বিশ্বে বাংলাদেশের বিদ্যাব্যবস্থাকে বিখ্যাত বানাতে বাতায়ন বদ্ধপরিকর।

**লেখক পরিচিতি**

**আহমাদ হোসাইন**, বিএ সম্মান (বাংলা), এমএ (বাংলা), বিএড (প্রথম শ্রেণি), এমএড (প্রথম শ্রেণি) **সহকারী শিক্ষক (বাংলা)**, গভঃ ল্যাবরেটরী হাইস্কুল, রাজশাহী, **মাস্টার ট্রেইনার** (বাংলা, শিক্ষাক্রম বিস্তরণ ও জীবন দক্ষতাভিত্তিক শিক্ষা), শিক্ষক বাতায়নের **দেশসেরা মাল্টিমিডিয়া কন্টেন্ট নির্মাতা**, ICT4E **জেলা এ্যাম্বাসেডর**, রাজশাহী।

**E-mail**: banglasir7@gmail.com, **skype**: ahmad.husain32, **Facebook**:www.facebook.com/banglasir

**Mobile**: 01718062020